২০২৫

পঞ্চম সেমেস্টার

বাংলা — সাম্মানিক

পত্র : DSCC-9

(নাটক ও নাট্যমঞ্চ)

পূর্ণমান - ৭৫

*প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।*

*উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।*

১। (ক) "নীলদর্পণ বিদ্রোহের দর্পণ নয়, অত্যাচারের দর্পণ।"— 'নীলদর্পণ' নাটকের বিষয়বস্তু আলোচনা করে এ মন্তব্যের যাথার্থ্য বিচার করো। ১৫

*অথবা*

(খ) 'দীনবন্ধু মিত্রের 'নীলদর্পণ' নাটকটি সার্থক ট্র্যাজেডি নাটক।'— নাটকের মূল বিষয়বস্তু আলোচনা করে এ বিষয়ে তোমার অভিমত দাও। ১৫

২। (ক) 'টিনের তলোয়ার' নাটকের নামকরণের সার্থকতা বিচার করো। ১৫

*অথবা*

(খ) "আমি একদিক থেকে ব্রহ্মার সমান। আমি দেবশিল্পী বিশ্বকর্মা।"— এই উক্তির আলোকে ক্যাপ্টেন বেণীমাধবের চরিত্রটি বিশ্লেষণ করো। ১৫

৩। (ক) বাংলা রঙ্গমঞ্চের ইতিহাসে 'ন্যাশানাল থিয়েটার'-এর (১ম পর্বের) অবদান আলোচনা করো। ১৫

*অথবা*

(খ) সমকালীন নাটকের অভিনয়ের পরিপ্রেক্ষিতে 'নাট্য নিয়ন্ত্রণ বিল'-এর ধারাগুলি আলোচনা করে বাংলার নাট্যচর্চার ইতিহাসে এই আইনের প্রভাব সম্পর্কে লেখো। ১৫

৪। (ক) 'নীলদর্পণ' নাটকটি কোন ঐতিহাসিক প্রেক্ষাপটে রচিত হয়েছিল, সংক্ষেপে তার পরিচয় দাও। ৫

*অথবা*

(খ) 'নীলদর্পণ' নাটকের তোরাপ চরিত্রটির পরিচয় দাও। ৫

৫। (ক) "আমি কলকেতাকে পেয়েছি হাতের মুঠোয়। আমি ঐ বাবুদের পেয়েছি পায়ের তলায়।"— কার উক্তি? কেন সে এমন কথা বলেছে? ৫

*অথবা*

(খ) উৎপল দত্ত রচিত 'টিনের তলোয়ার' নাটকে প্রিয়নাথ চরিত্রটির গুরুত্ব আলোচনা করো। ৫

৬। (ক) টীকা লেখো — বেলগাছিয়া নাট্যশালা। ৫

*অথবা*

(খ) গণনাট্য আন্দোলনের পাঁচটি বৈশিষ্ট্য উল্লেখ করো। ৫

৭। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও। ১×১৫

(ক) 'নীলদর্পণ' নাটকটির প্রথম প্রকাশকাল লেখো।

(খ) 'নীলদর্পণ' নাটকে জেলখানা কোথায় অবস্থিত এবং সেখানে কার মৃত্যু হয়?

(গ) 'নীলদর্পণ' নাটকে উল্লেখিত দুজন নীলকর সাহেবের নাম লেখো।

(ঘ) 'নীলদর্পণ' নাটক প্রকাশের সময় দীনবন্ধু মিত্র কোন ছদ্মনাম ব্যবহার করেছিলেন?

(ঙ) "শুন গো ভারতভূমি/কত নিদ্রা যাবে তুমি"— গানটি তোমাদের পাঠ্য কোন নাটকে ব্যবহার করা হয়েছে?

(চ) বীরকৃষ্ণ দাঁ চরিত্রটি কোন নাটকে পাওয়া যায়?

(ছ) "যাকে ময়না ঘেন্না করে তার সঙ্গে জোর করে গাঁটছড়া বেঁধে দেয়ার চেয়ে মেয়েটাকে মেরে ফেললেই পারো।"— কার উক্তি?

(জ) "আমি কলকাতার তলায় থাকি।"— কে বলেছে?

(ঝ) 'টিনের তলোয়ার' নাটকে কোন নাটকের অভিনয়ের কথা বলা হয়েছে?

(ঞ) "নাটক ছাড়া আমি ভাবতে পারি না।"— উক্তিটি কার?

(ট) নবীন বসুর শ্যামবাজার থিয়েটারের প্রতিষ্ঠাকাল কবে?

(ঠ) বাগবাজার অ্যামেচার থিয়েটারের দুজন অভিনেতার নাম লেখো।

(ড) 'জোড়াসাঁকো নাট্যশালা' প্রতিষ্ঠার মূল উদ্যোগীদের মধ্যে একজনের নাম লেখো।

(ঢ) লেবেদেফ কবে, কোথায় নাট্যশালা প্রতিষ্ঠা করেন?

(ণ) গণনাট্য সংঘ প্রযোজিত যে-কোনো একটি নাটকের নাম লেখো।

# ২০২৫

পঞ্চম সেমেস্টার

## বাংলা — সাম্মানিক

পত্র : DSCC-10

(প্রবন্ধ ও বিবিধ রচনা)

পূর্ণমান - ৭৫

*প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।*

*উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।*

১। (ক) "তোমার কথাগুলি ভারি সোশিয়ালিষ্টিক! সমাজ বিশৃঙ্খলার মূল।"— প্রসঙ্গ নির্দেশ করো। এই উক্তির আলোকে লেখকের সমাজমনস্কতার পরিচয় দাও। ১৫

*অথবা*

(খ) 'যে দেশে বহু ধর্ম বহু ভাষা' প্রবন্ধে প্রাবন্ধিক যেসব সমস্যার কথা উত্থাপন করেছেন তা লেখো এবং তিনি যে সমাধানের কথা বলেছেন তা তোমার নিজের ভাষায় আলোচনা করো। ১৫

২। (ক) "সাহিত্য ঠিক প্রকৃতির আরশি নহে। কেবল সাহিত্য কেন, কোনো কলাবিদ্যাই প্রকৃতির যথাযথ অনুকরণ নহে।"— রবীন্দ্রনাথের এই মন্তব্যের নিরিখে সাহিত্যের অনুকরণ বিষয়ে তাঁর ভাবনার পরিচয় দাও। ১৫

*অথবা*

(খ) "আধুনিক সাহিত্যের বিষয় ও বক্তব্যের দিকে লক্ষ্য রাখলে আমরা দেখি তার মূল্যবোধ বদলেছে।"— 'আধুনিক সাহিত্য' প্রবন্ধ অবলম্বনে দেখাও কোন কোন দিকে মানুষের মূল্যবোধ বদলেছে এবং প্রাচীন সাহিত্যের মূল্যবোধের সঙ্গে আধুনিক সাহিত্যের মূল্যবোধের পার্থক্যগুলি নির্দেশ করো। ১৫

৩। (ক) 'ছিন্নপত্র'-র পাঠ্য পত্রগুলি অবলম্বনে রবীন্দ্রনাথের গদ্যশৈলীর পরিচয় দাও। ১৫

*অথবা*

(খ) 'ছিন্নপত্র' অবলম্বনে রবীন্দ্রনাথের মর্ত্যপ্রীতির পরিচয় দাও। ১৫

৪। (ক) 'কমলাকান্তের দপ্তর'-এর 'আমার মন' রচনাটিতে কমলাকান্তের আত্মোপলব্ধির যে পরিচয় ফুটে উঠেছে, সংক্ষেপে তা পরিস্ফুট করো। ৫

*অথবা*

(খ) 'সংস্কৃতির সামাজিক দূরত্ব' বলতে তুমি কী বুঝেছো তা সংক্ষেপে লেখো। ৫

৫। (ক) "সৌন্দর্যমূর্তিই মঙ্গলের পূর্ণমূর্তি এবং মঙ্গলমূর্তিই সৌন্দর্যের পূর্ণস্বরূপ।" — উক্তিটির তাৎপর্য বিশ্লেষণ করো। ৫

*অথবা*

(খ) "তাঁদের পক্ষে অনিবার্য ছিল রবীন্দ্রনাথের অনুকরণ এবং অসম্ভব ছিল রবীন্দ্রনাথের অনুকরণ।" — কাদের সম্পর্কে এমন মন্তব্য? প্রাবন্ধিক কেন এমন মন্তব্য করেছেন সংক্ষেপে তা পরিস্ফুট করো। ১+৪

৬। (ক) রবীন্দ্রনাথের ছোটগল্পের উৎস হিসাবে ছিন্নপত্রের যে-কোনো একটি পত্রের আলোচনা করো। ৫

*অথবা*

(খ) "পৃথিবী যে বাস্তবিক কী আশ্চর্য সুন্দরী তা কলকাতায় থাকলে ভুলে যেতে হয়।" — প্রসঙ্গ নির্দেশ করে ব্যাখ্যা করো। ৫

৭। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও। ১×১৫

(ক) 'কমলাকান্তের দপ্তর' গ্রন্থের প্রথম প্রবন্ধটির নাম কী?

(খ) "গঙ্গা বিষ্ণুপদ হইতে জন্মগ্রহণ করিয়াছেন বটে, কিন্তু ভগীরথ তাঁহাকে আনিয়াছেন।" — উদ্ধৃতিটি কোন প্রবন্ধ থেকে নেওয়া হয়েছে?

(গ) "এমত সময়ে একটি ক্ষুদ্র শব্দ হইল 'মেও'!" — এই 'মেও' ডাক প্রথমবার শোনার পর কমলাকান্তের কী মনে হয়েছিল?

(ঘ) "এ সম্বন্ধে আমি নিঃসংশয়।" — প্রাবন্ধিক সত্যেন্দ্রনাথ বসু কী সম্পর্কে নিঃসংশয়?

(ঙ) লালা লাজপৎ রায়ের 'বন্দেমাতরম' পত্রিকাটি কী ভাষায় লেখা ছিল?

(চ) "সাহিত্যের বিচার করিবার সময় দুইটি জিনিস দেখিতে হয়।" — দুইটি জিনিস কী কী?

(ছ) "এটা মানুষের জড়ত্বের একটা লক্ষণ।" — প্রাবন্ধিক কাকে জড়ত্বের লক্ষণ বলেছেন?

(জ) প্রাবন্ধিক গোপাল হালদার মানুষের আধুনিকতম আবিষ্কার বলতে কী বুঝিয়েছেন?

(ঝ) "রবীন্দ্রনাথের পরে বাংলা ভাষায় তিনিই প্রথম মৌলিক কবি।" — বুদ্ধদেব বসু কাকে রবীন্দ্রনাথের পরে প্রথম মৌলিক কবি বলেছেন?

(ঞ) সাহিত্য সম্পর্কে বার্নাড শ'-র অভিমত কী?

(ট) "ঐ-যে মস্ত পৃথিবীটা চুপ করে পড়ে রয়েছে ওটাকে এমন ভালোবাসি।" — কত সংখ্যক পত্রসংখ্যা থেকে উদ্ধৃতাংশটি গৃহীত?

(ঠ) 'ছিন্নপত্র'-র ৬৪ সংখ্যক পত্রটি কোথায় বসে লেখা?

(ড) 'ছিন্নপত্র'-র ১০৬ সংখ্যক পত্রটিতে রবীন্দ্রনাথের কোন গল্পের আভাস পাওয়া যায়?

(ঢ) "তোমাদের নিয়ে আমি আর কখনো বেরোব না।" — উক্তিটি কে করেছে?

(ণ) "মনে হল, সমস্ত পৃথিবীটা এমন সুন্দর অথচ এমন বেদনায় পরিপূর্ণ।" — কোন দৃশ্য দেখে রবীন্দ্রনাথ ঠাকুরের এমন অনুভূতি?

---

পঞ্চম সেমেস্টার

# বাংলা — সাম্মানিক

**পত্র : DSCC-11**

**(ঐতিহাসিক ভাষাবিজ্ঞান)**

**পূর্ণমান - ৭৫**

*প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।*

*উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।*

১। (ক) পৃথিবীর বিভিন্ন ভাষাবংশের নামগুলি উল্লেখ করো। এই ভাষাবংশগুলির মধ্যে প্রধান ভাষাবংশ কোনটি? এই ভাষাবংশ থেকে যে প্রাচীন শাখাগুলির জন্ম হয়েছে সেগুলির সংক্ষিপ্ত পরিচয় দাও এবং এই ভাষাবংশের সঙ্গে ভারতীয় আর্য ভাষার সম্পর্কটি নির্ণয় করো। ৪+১+৫+৫

*অথবা*

(খ) প্রাচীন ভারতীয় আর্য ভাষা থেকে আধুনিক ভারতীয় আর্য ভাষা হিসেবে বাংলা ভাষার উদ্ভবের গতিপথটি একটি রেখাচিত্রের সাহায্যে আলোচনা করো। ১০+৫

২। (ক) প্রাচীন বাংলা ভাষার বিস্তৃতিকাল ও সাহিত্যিক নিদর্শনগুলির নাম উল্লেখ করো। প্রাচীন বাংলার প্রধান ধ্বনিতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলি চর্যাপদের প্রেক্ষিতে বুঝিয়ে দাও। ২+৩+১০

*অথবা*

(খ) আদি মধ্যযুগের বাংলা ভাষার সময়সীমা নির্দেশ করো। 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্য অবলম্বনে এই পর্বের বাংলা ভাষার রূপতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলি লেখো। ২+১৩

৩। (ক) 'অন্নদামঙ্গল' কাব্যে অন্ত্যমধ্যযুগের বাংলা ভাষার ভাষাতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলি কীভাবে প্রকাশ পেয়েছে তা উপযুক্ত উদাহরণসহ আলোচনা করো। ১৫

*অথবা*

(খ) আধুনিক বাংলা ভাষার যে সব বৈশিষ্ট্য 'পরিব্রাজক' গ্রন্থে পরিস্ফুট হয়েছে তা দৃষ্টান্তসহ লেখো। ১৫

৪। (ক) টীকা লেখো — দ্রাবিড় ও অস্ট্রিক ভাষাবংশ। ৫

*অথবা*

(খ) টীকা লেখো — শৌরসেনী প্রাকৃত। ৫

**Please Turn Over**

৫। (ক) প্রাচীন বাংলা ভাষায় কারক-বিভক্তির ব্যবহার সম্পর্কে উদাহরণসহ লেখো। ৫

অথবা

(খ) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যে ব্যবহৃত নাসিক্য ব্যঞ্জনের প্রয়োগগত বৈশিষ্ট্যগুলি লেখো। ৫

৬। (ক) 'অন্নদামঙ্গল' কাব্যে দেশি ও বিদেশি শব্দের ব্যবহার সম্পর্কে উদাহরণসহ আলোচনা করো। ৫

অথবা

(খ) আধুনিক বাংলা ভাষার বাক্যগঠনরীতির বৈশিষ্ট্যগুলি সংক্ষেপে আলোচনা করো। ৫

৭। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও। ১×১৫

(ক) 'আবেস্তা' কী?

(খ) সতম্ গুচ্ছের অন্তর্ভুক্ত দুটি ভাষার নাম লেখো।

(গ) পৈশাচী কোন্ স্তরের ভাষা?

(ঘ) প্রাচীন ভারতীয় আর্য ভাষার যুগগত নাম কী?

(ঙ) 'বাংলা ভাষা পরিক্রমা' গ্রন্থটি কার রচনা?

(চ) "চঞ্চল চীত্র পইঠো কাল"— এখানে কোন্ কারক ও বিভক্তি হয়েছে?

(ছ) প্রাচীন বাংলায় নাসিক্য ব্যঞ্জন লোপের ফল কী হয়েছিল?

(জ) 'পাদাকুলক' শব্দটি কোন্ মূল শব্দ থেকে সৃষ্ট?

(ঝ) "অনাথী নারীক কত থাকে অভিমান"— রেখাঙ্কিত অংশটি কী জাতীয় পদ লেখো।

(ঞ) কাহ্ন > কানু— কী জাতীয় পরিবর্তন?

(ট) "গজব করিলে তুমি আজব কথায়"— নিম্নরেখ শব্দদুটি কোন্ ভাষা থেকে আগত?

(ঠ) 'অন্নদামঙ্গল' কাব্যে ব্যবহৃত একটি প্রবাদের উদাহরণ দাও।

(ড) আধুনিক বাংলায় কোন্ দুটি অব্যয়ের ব্যবহার বেশি দেখা যায়?

(ঢ) আধুনিক বাংলায় যৌগিক ক্রিয়া কীভাবে গড়ে ওঠে একটি উদাহরণ দাও।

(ণ) আধুনিক বাংলায় ব্যবহৃত স্বরসঙ্গতির একটি উদাহরণ দাও।

# ২০২৫

পঞ্চম সেমেস্টার

## বাংলা — সাম্মানিক

পত্র : DSCC-12

[সংস্কৃত, ইংরেজি ও প্রতিবেশী (হিন্দি) সাহিত্যের ইতিহাস]

পূর্ণমান - ৭৫

*প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।*

*উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।*

১। (ক) কালিদাসের যে-কোনো দুটি কাব্যগ্রন্থের নাম উল্লেখ করে তাঁর কবিপ্রতিভার পরিচয় দাও। ২+১৩

*অথবা*

(খ) সংস্কৃত সাহিত্যে শূদ্রকের অবদান সম্পর্কে আলোচনা করো। ১৫

২। (ক) ইংরেজি সাহিত্যে ট্র্যাজেডি রচনায় শেক্সপিয়রের কৃতিত্ব বিচার করো। ১৫

*অথবা*

(খ) জন কিটসের কবিপ্রতিভার পরিচয় দাও। ১৫

৩। (ক) হিন্দি সাহিত্যে উপন্যাস রচনায় মুন্সী প্রেমচাঁদের কৃতিত্বের পরিচয় দাও। ১৫

*অথবা*

(খ) হিন্দি সাহিত্যে কবি মহাদেবী বর্মার অবদান সম্পর্কে আলোচনা করো। ১৫

৪। (ক) 'গীতগোবিন্দ'-র লেখক কে? তিনি কোন রাজসভার কবি ছিলেন? 'গীতগোবিন্দ' কাব্যের সংক্ষিপ্ত পরিচয় দাও। ১+১+৩

*অথবা*

(খ) ভবভূতির দুটি নাটকের নাম উল্লেখ করে যে-কোনো একটি নাটকের সংক্ষিপ্ত পরিচয় দাও। ২+৩

৫। (ক) 'ডেভিড কপারফিল্ড' কার লেখা? এই উপন্যাসের সংক্ষিপ্ত পরিচয় দাও। ১+৪

*অথবা*

(খ) 'মার্ডার ইন দ্য ক্যাথিড্রাল' কার লেখা, কোন শ্রেণির রচনা? 'মার্ডার ইন দ্য ক্যাথিড্রাল'-এর সংক্ষিপ্ত পরিচয় দাও। ১+১+৩

৬। (ক) 'অপ্সরা' উপন্যাস কার লেখা? লেখকের অপর নাম কী? এই উপন্যাসের সংক্ষিপ্ত পরিচয় দাও। ১+১+৩

*অথবা*

(খ) 'পার্টি কা ভূত' কার লেখা গল্প? তাঁর আরো দুটো গল্পের নাম উল্লেখ করে যে-কোনো একটা গল্প সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো। ১+২+২

৭। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও। ১×১৫

(ক) 'রঘুবংশম্' কার লেখা?

(খ) 'মহাবীরচরিতম্' কার লেখা?

(গ) বাণভট্ট রচিত যে-কোনো একটি গ্রন্থের নাম লেখো।

(ঘ) 'ঋতুসংহারম্' কোন শ্রেণির রচনা?

(ঙ) 'মৃচ্ছকটিকম্' নাটকের যে-কোনো দুটি চরিত্রের নাম লেখো।

(চ) 'দ্য মার্চেন্ট অফ ভেনিস' কার লেখা?

(ছ) 'দ্য লিরিক্যাল ব্যালাডস'-এর প্রকাশকাল লেখো।

(জ) জর্জ বার্নার্ড শ'-এর লেখা যে-কোনো একটি নাটকের নাম লেখো।

(ঝ) স্যামুয়েল বেকেটের লেখা যে-কোনো একটি নাটকের নাম লেখো।

(ঞ) 'ম্যাকবেথ' ট্র্যাজেডি না কমেডি?

(ট) 'স্মৃতি কি রেখায়েঁ' কার লেখা?

(ঠ) 'গোদান' কী জাতীয় গ্রন্থ?

(ড) 'কুকুরমুত্তা'-র লেখক কোন সাহিত্য আন্দোলনের সঙ্গে যুক্ত ছিলেন?

(ঢ) ভারতেন্দু হরিশচন্দ্র রচিত যে-কোনো একটি নাটকের নাম লেখো।

(ণ) 'সেবাসদন' উপন্যাসটি কার লেখা?

———